

একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

বিদ্যালয় শাখা-২

www.mopme.gov.bd

নং-৩৮.০০৮.০৩১.০০.০০.০২৩.২০১৪-৮০৫

৩০ আশ্বিন, ১৪২৫

তারিখ:-----


১৫ অক্টোবর, ২০১৮

### পরিপত্র

বিষয়: প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য শিক্ষার্থীদের পঠন ও লিখন শৈলী (Reading & Writing Skills) বৃদ্ধিকরণ সংক্রান্ত নির্দেশনা।

প্রাথমিক শিক্ষাকে যুগোপযোগীকরণ সময়ের দাবি। এসডিজি বাস্তবায়নের জন্য সরকারের শিক্ষা সংক্রান্ত সকল নির্দেশনা, গৃহীত কর্মসূচী এবং পরিকল্পনা বাস্তবায়ন অপরিহার্য। এজন্য প্রাথমিক শিক্ষার গুণগতমান বৃদ্ধি করতে হবে। বিভিন্ন বিদ্যালয় পরিদর্শনকালে দেখা গেছে, শিশুরা বাংলা ও ইংরেজি বিষয়ে যথার্থভাবে পড়তে, বলতে ও লিখতে পারে না। অথচ পরীক্ষায় তারা উত্তীর্ণ হয়ে উচ্চতর শ্রেণিতে ভর্তি হয়। কিন্তু ভাষাজ্ঞান অপরিশুদ্ধই থেকে যায়। শিশুদের গুণগত শিক্ষা তথা ভাষা শিক্ষা, বাংলা ও ইংরেজি ভাষায় পঠন ও লিখন শৈলী নিশ্চিত করার জন্য নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

- ১.১ ভাষাজ্ঞান বৃদ্ধির জন্য নিয়মিত পাঠাভ্যাস অত্যন্ত জরুরী। প্রতিদিন বাংলা ও ইংরেজি বই থেকে একটি প্যারা/পৃষ্ঠা পঠনের (Reading) জন্য বাড়ির কাজ (Homework) দিতে হবে।
  - ১.২ প্রতিদিন এক পৃষ্ঠা হাতের লেখা বাড়ি থেকে লিখে আনার জন্য বাড়ির কাজ (Homework) দিতে হবে।
  - ১.৩ ক্লাসে প্রথমেই সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষক সকল শিক্ষার্থীকে আবশ্যিকভাবে পঠন (Reading) করাবেন।
  - ১.৪ শিক্ষকগণ নিজেরা শিশুদের সাথে উচ্চারণ করে পাঠদান করবেন। এতে শিক্ষার্থীদের উচ্চারণ জড়তা দূর হবে এবং প্রমিত উচ্চারণ শৈলীর সৃষ্টি হবে।
  - ১.৫ শিক্ষার্থীদের মধ্যে উচ্চারণ প্রতিযোগিতার মাধ্যমে মনোবল বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।
  - ১.৬ বুক কর্ণার ও এসআরএম-এর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।
  - ১.৭ প্রতিদিন প্রতি শিক্ষার্থীকে ন্যূনতম একটি বাংলা ও একটি ইংরেজি শব্দ পড়া, বলা ও লেখা শেখাতে হবে। এর ফলে শিক্ষার্থীদের ভাষার ভান্ডার বৃদ্ধি হবে এবং এতে শিশুরা বাংলা ও ইংরেজি ভাষায় কথা বলতে ও লিখতে পারবে।
  - ১.৮ উপজেলা শিক্ষা অফিসারগণ এ সংক্রান্ত প্রতিবেদন ও তথ্য-উপাত্ত সংরক্ষণ করবেন।
  - ১.৯ সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, ইন্সট্রাক্টর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিভাগীয় উপপরিচালকগণ তাঁদের পরিদর্শন প্রতিবেদনে শিক্ষকদের বাংলা ও ইংরেজি বিষয়ে শিশুদের পাঠাভ্যাস সংক্রান্ত এই নির্দেশনার প্রতিপালন করবেন।
- ২। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

  
মো: আকরাম-আল-হোসেন  
সচিব

বিতরণ (কার্যার্থে):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. বিভাগীয় উপপরিচালক (সকল)।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১০. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
১১. উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল)।
১২. অফিস নথি।